

ইসলামী বিশ্ববিদ্যালয়ে পনের বছর পর প্রতিষ্ঠা দিবস পালন

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২৯শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- গত ২২শে নভেম্বর ছিল ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা দিবস। দিনটি বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

পনের বছর পর এবারই প্রথম বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে দিনটিকে বিশ্ববিদ্যালয় দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ এম. এ হামিদের সভাপতিত্বে উপস্থিত বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, টেক্সটার, প্রক্টর, ডীন, ছাত্র উপদেষ্টা, হল প্রভোস্ট, চৌদ্দটি ছাত্র সংগঠনের সভাপতি ও সম্পাদক, শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি ও কর্মচারী সমিতির প্রতিনিধিদের উপস্থিতিতে এ সিদ্ধান্ত হয়।

দিবসটি উদযাপনের জন্য শরীয়া অনুবাদের ডীন একিনউদ্দিনকে আহ্বায়ক এবং প্রক্টর, ছাত্র উপদেষ্টা, হল প্রভোস্ট, চৌদ্দটি ছাত্র সংগঠনের সভাপতি, কর্মকর্তা সমিতি, শিক্ষক সমিতি ও কর্মচারী সমিতির প্রতিনিধি নিয়ে ২২ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। বিশ্ববিদ্যালয়

দিবসের অনুষ্ঠানমালার মধ্যে উদ্বোধনী দিনে উপাচার্য ডঃ এম এ হামিদ কর্তৃক জাতীয় পতাকা ও রেজিস্ট্রার কর্তৃক বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানমালার শুভ সূচনা হয়। পরে ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের এক বিশাল র্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

র্যালিশেষে প্রশাসনিক ভবনের সামনে ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সমাবেশে বক্তব্য রাখেন ভিসি এম, এ হামিদ, রেজিস্ট্রার আশরাফ আলী, ছাত্রদলের ওয়ালিদ হাসান পিকুল, ছাত্রলীগের জিহুর রহমান, ছাত্র ইউনিয়নের আকমল হোসেন, ছাত্রমৈত্রীর মনোয়ার আজাদ, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের আবদুল কাদের টটুল, ছাত্র-শিবিরের আবদুল হাই। ১লা ডিসেম্বর আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, ছাত্রনেতৃবৃন্দ ও কর্মকর্তা, শিক্ষকদের মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হবে।

প্রোগ্রাম বয়কট : ইসলামী বিশ্ববিদ্যালয় দিবসের প্রোগ্রাম বয়কট করে ছাত্রদলের একটা অংশ বেলোয়াড় সমিতি ও সাংস্কৃতিক সংগঠনের ব্যানারে প্রতিষ্ঠা-বার্ষিকী পালন করে।